# ট্রেনের কামরা সুদর্শন, আসন-মেঝে জল থইথই



জল-কাদায় ভরা ট্রেনের কামরা। -সংবাদচিত্র

মানস মহন্ত ● শিলিগুড়ি

**১১ সেপ্টেম্বর ঃ** ঝাঁ-চকচকে দেখতে কিন্তু ভেতরটা জলকাদায় মাখামাখি। বসার আসনে জল জমে আছে। ছাদ থেকে দেয়াল চুঁইয়ে মেঝে জল থই থই। সদ্য কেনা সংবাদপত্রটিও চোখ বুলানোর আগেই সেটিকে 'টিস্যু পেপার' হিসেবে ব্যবহার করে আসনের জল মুছতে ব্যস্ত যাত্রী। কোনোক্রমে তো সাইড ব্যাগটা কোলে নিয়ে বসা গেল। কিন্তু সঙ্গে আনা ভারী ব্যাগটা কোথায় রাখবেন ? বাঙ্কে ? না। সেখানে তো ছাদের জল পড়ছে আর মেঝেতে তো জল-কাদা। একপ্রকার বাধ্য হয়েই সঙ্গে আনা ভারী ব্যাগটা রাখার জায়গা না পেয়ে কোলে নিয়েই নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে নিউ মাল স্টেশন অবধি পৌঁছোলেন নামি একটি ওষুধ কোম্পানির এক প্রতিনিধি। নিউ জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ার জংশনগামী প্যাসেঞ্জার ট্রেনে এমন অভিজ্ঞতা নিয়েই সফর করতে হয় সিংহভাগ যাত্রীকে। শুধু একটি ট্রেন নয়, নিউ জলপাইগুড়ি থেকে হলদিবাড়িগামী প্যাসেঞ্জার ট্রেনের যাত্রীদেরও একই অভিজ্ঞতা। বর্ষার ক'মাস এমন দুর্ভোগ মাথায় নিয়ে চলতে হয়। তবে এমন বেকায়দায় পড়তে হয় তাদের যারা নিউ জলপাইগুড়ি কিংবা তার পরের স্টেশন থেকে ট্রেনে চাপেন।

রবিবার রাতভর বৃষ্টি হয়েছে। সোমবারও সকাল থেকে ছিল ঝিরিঝিরি বৃষ্টি। তবে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বৃষ্টি থামলেও দুর্ভোগ কমেনি সকাল সকাল ট্রেন ধরা যাত্রীদের। নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে নির্ধারিত সময়ে আলিপুরদুয়ার জংশনের উদ্দেশে প্যাসেঞ্জার ট্রেনটি ছাড়ে। প্ল্যাটফর্মে ট্রেন আসতেই হুড়মুড়িয়ে ট্রেনে চাপেন যাত্রীরা। কিন্তু ট্রেন চেপেই ক্ষোভ ধরে রাখতে পারেননি তারা। কারণ ট্রেনের আসনে জল জমে ছিল, মেঝেতেও জলকাদা। ট্রেনের কামরা সাফসুতরো করে ধোয়ার জন্যই যে এত জল, এমনটা নয়। কারণ কামরার যেখানে সেখানে বাদামের খোসা, ঝালমুড়ির ঠোঙাই প্রমাণ দিয়েছে সাফাই হয়নি।

বর্ষার কয়েক মাস এমনই দুর্ভোগ সহ্য করতে হচ্ছে যাত্রীদের। একই অবস্থা ডুয়ার্সগামী ইন্টারসিটির কামরারও। নিত্যযাত্রীরা প্রস্তুত থাকলেও মাসে কিংবা বছরে এক-আধবার যারা ডুয়ার্স কিংবা হলদিবাড়িমুখী হচ্ছেন তারা রাগ সামলাতে পারেননি। রেলের যাত্রী পরিসেবার মান নিয়ে প্রশ্ন তুলেছেন তারা। হেমন্ত দুবে নামে এক যাত্রী বলেন, বাজেটে সামান্য ভাড়া বাড়াতেই রেলমন্ত্রীকে ইস্তফা দেওয়াতে বাধ্য করেছিলেন তৃণমূল নেত্রী। কিন্তু পরিসেবার মান নিয়ে উত্তর-পূর্ব সীমান্ত রেলের যাত্রীদের এমন মারাত্মক অভিযোগ শোনার লোক নেই। যারা বর্ষার মরসুমে প্রথম সফর করলেন তারা ট্রেনে সময় কাটানোর জন্য স্টেশন থেকে অতিরিক্ত এক টাকা বেশি দিয়ে সংবাদপত্র কিনলেও সেটিতে চোখ বুলাতে পারলেন না। অবশ্য সংবাদপত্রই রক্ষা করছে বলে জানিয়েছেন তারা। আর নিত্যযাত্রীরা দুর্ভোগের সঙ্গে নতুন পরিচিত নন। তাই তাদের অনেককেই দেখা গিয়েছে সাইড ব্যাগ থেকে পুরনো সংবাদপত্র বের করে আসনের জল মুছে তাতে দিব্যি বসে পড়েছেন। আর যারা সংবাদপত্রটা কেনেননি তারা রাগে গজগজ করতে করতে পকেট থেকে রুমালটা বের করে তা দিয়েই আসনের জল মুছে বসলেন। এমন সমস্যা শুধু নিউ জলপাইগুড়ি স্টেশন কিংবা তার পরের স্টেশন থেকে ওঠা যাত্রীদেরই ভোগ করতে হয়। পরবর্তী স্টেশন থেকে সফরকারীদের আসনের জল মুছতে না হলেও মেঝের জলকাদা মাড়িয়েই সফর করতে হয়।

রেলযাত্রীদের সমস্যা প্রসঙ্গে উত্তরপূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক সীতু সিং হাজং বলেছেন, রাতে ট্রেনের জানলা-দরজা খোলা থাকার জন্যই হয়তো জল ঢুকে যেতে পারে। কেন এমনটা হচ্ছে এবং ভবিষ্যতে যাতে আর না হয় তার জন্য তিনি ডিভিশন অফিসে (কাটিহার) জানাবেন । তবে জানলা দরজা খোলা নয়, একাধিক কামরার ছাদ মেরামতির অভাবে জল চুঁইয়ে মেঝেতে পড়ছে বলে জানিয়েছে রেলের স্থানীয় একটি সূত্র।

# গৃহবধূকে আধমরা করে টাকা, গয়না নিয়ে উধাও

**মাদারিহাট, ১১ সেপ্টেম্বর ঃ** মাদারিহাট থানার পূর্ব মাদারিহাটে এক গৃহবধূর উপর একদল দুষ্কৃতী হামলা চালায়। প্রায় অর্ধমৃত অবস্থায় তাকে ফেলে রেখে দুষ্কৃতীরা ঘরে মজুত টাকা ও স্বর্ণালঙ্কার নিয়ে চম্পট দেয়। গৃহবধূ বর্তমানে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে গুরুতর আহত অবস্থায় মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন। ঘটনার বীভৎসতায় নড়েচড়ে বসেছে মহকুমা থেকে জেলা পুলিশ প্রশাসন পর্যন্ত।

ঘটনায় জানা গেছে, পূর্ব মাদারিহাটের বাসিন্দা পেশায় ট্রাক চালক কমল বিশ্বাস, তার স্ত্রী পিংকি বিশ্বাস (২৮) ও চার সন্তানকে নিয়ে তার নিজস্ব বসতবাড়িতেই বসবাস করেন। মাস দুয়েক আগে এলাকার বাসিন্দা জিতেন কর্মকারের কাছ থেকে কিছু জমি কেনেন কমলবাবু। জমির রেজিস্ট্রেশন খরচ বাবদ ৪০ হাজার টাকা সোমবার একটি ব্যাংক থেকে সংগ্রহ করে ঘরেই রাখা হয়। কমলবাবু কর্মসূত্রে সোমবার রাতে বাড়ি না ফেরায় পিংকি তার ৪ সন্তানকে নিয়ে বাড়িতে একাই ছিলেন। মঙ্গলবার ভোর ৩টা নাগাদ তাদেরই প্রতিবেশী সম্পর্কে কমলবাবুর মালি যশোদা বিশ্বাস তাদের ঘর থেকে গোঙানির আওয়াজ শুনে এগিয়ে গিয়ে দেখেন, রক্তাক্ত অবস্থায় সংজ্ঞাহীন হয়ে পিংকির দেহ বিছানায় পড়ে আছে। স্থানীয় বাসিন্দাদের সহায়তায় তাকে প্রথমে মাদারিহাট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, সেখান থেকে বীরপাড়া জেনারেল হাসপাতাল ও পরে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তার কানের পাশ দিয়ে গাল পর্যন্ত ধারালো অস্ত্র দিয়ে ছিন্নভিন্ন করে দেওয়া হয়। এছাড়াও পিংকির সারা দেহে অন্তত ৩০ জায়গায় দুষ্কৃতীরা আঘাত করে। ঘটনার খবর পেয়ে জলপাইগুড়ি জেলার পুলিশ সুপার অমিত পি জাভালগি, আলিপুরদুয়ার মহকুমার অতিরিক্ত পুলিশ সুপার আকাশ মেঘারিয়া এবং এসডিপিও বিশ্বচাঁদ ঠাকুর ঘটনাস্থলে পৌঁছে তদন্ত শুরু করেন।

অতিরিক্ত পুলিশ সুপার আকাশ মেঘারিয়া বলেন, প্রাথমিক তদন্তে বোঝা যাচ্ছে শুধুমাত্র ডাকাতির উদ্দেশ্যেই মহিলাটির ঘরে দুষ্কৃতীরা প্রবেশ করেনি, ঘরের জানালা ভেঙে দুষ্কৃতীরা ঘরে প্রবেশ করে। এ ব্যাপারে পুলিশ কুকুরের সাহায্য নেওয়া হচ্ছে। তবে মনে হয়, দুষ্কৃতীরা এই পরিবারটির পূর্ব পরিচিত। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত চলছে, দু-এক দিনের মধ্যেই আশা করা যায় দুষ্কৃতীদের ধরা সম্ভব হবে। অন্য একটি সূত্রে জানা যায়, দুষ্কৃতীরা প্রথমে ধর্ষণের চেষ্টা করে, তার থেকে বাধাপ্রাপ্ত হয়েই তাকে নির্মমভাবে হত্যার চেষ্টা করে দুষ্কৃতীরা এবং যাওয়ার আগে ঘরে মজুত ৪০ হাজার টাকা ও সোনার গয়না লুঠ করে নিয়ে যায়। ঘটনায় পুরো এলাকাজুড়ে আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয়েছে।

## আশঙ্কা গোয়েন্দাদের

# সুন্দরবন দিয়ে হামলা চালাতে পারে জঙ্গিরা

**কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ** পুলিশ কর্তাদের সম্মেলনে গত শনিবার প্রধানমন্ত্রী মনমোহন সিং আশঙ্কা প্রকাশ করেছিলেন যে, সমুদ্র পথে জঙ্গিরা এদেশে ঢুকতে পারে এবং তার জন্য চূড়ান্ত সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছিলেন তিনি। পশ্চিমবঙ্গের বাংলাদেশ সীমান্ত দিয়ে অবৈধ অনুপ্রবেশের মাধ্যমে জঙ্গিরা যে এদেশে প্রবেশ করছে তাও বিগত দিনে কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাগুলির তরফে জানানো হয়েছিল। কেন্দ্রীয় গোয়েন্দাদের তরফে রাজ্য সরকারকে এবার নতুন একটি সতর্ক বার্তা পাঠানো হয়েছে তাহল, সুন্দরবনের জলপথ ব্যবহার করে জঙ্গিরা এরাজ্যে ঢুকে হামলা চালাতে পারে। কেন্দ্রীয় গোয়েন্দাদের এহেন সতর্ক বার্তা পাওয়ার পরই নড়েচড়ে বসেছে রাজ্য প্রশাসন।

রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের এক আধিকারিক জানিয়েছেন, আজমল কাসভের মৃত্যুদণ্ডের বদলা নিতে সুন্দরবন এবং ওড়িশার উপকূলবর্তী অঞ্চলের মধ্যদিয়ে জঙ্গিরা এদেশে ঢুকতে পারে। এমনকি কাসভকে জেল থেকে ছাড়াতে স্থানীয় মানুষদের পণবন্দি করারও পরিকল্পনা থাকতে পারে জঙ্গিদের। সেকারণে সুন্দরবনের অরক্ষিত উপকূলবর্তী অঞ্চলে অক্টোবরের প্রথম সপ্তাহে যৌথ নজরদারি চালানো হতে পারে বলে জানা গেছে। আগামী ৮ অক্টোবর এবং ১৫ অক্টোবর নৌসেনা, বিএসএফ, উপকূলরক্ষী বাহিনী এবং পশ্চিমবঙ্গ ও ওড়িশার পুলিশ বাহিনীর তরফে ওই যৌথ নজরদারি চালানো হবে। তবে তার আগে আগামী ১৭ সেপ্টেম্বর মহাকরণে একটি উচ্চ পর্যায়ের বৈঠক হবে।

স্বরাষ্ট্র দপ্তরের ওই আধিকারিক আরও জানিয়েছেন, সুন্দরবনের বেশিরভাগ দ্বীপ ও খাঁড়িগুলি সম্পূর্ণ অরক্ষিত। বাংলাদেশ থেকে ওই দ্বীপ ও খাঁড়িগুলির মাধ্যমে প্রচুর পরিমাণে অনুপ্রবেশ হয়। কাজেই ওই অঞ্চলের মাধ্যমে জঙ্গিরা খুব সহজেই ভারতে ঢুকতে পারে। ইতিমধ্যেই বাংলাদেশের নিকটবর্তী উত্তর ২৪ পরগনার হেমনগরে একটি চেকপোস্ট বসানো হয়েছে। উপকূলরক্ষী বাহিনী ও বিএসএফ-এর তরফে ওই অঞ্চলে যৌথ টহলদারি শুরু করা হয়েছে।

# এনবিএসটিসি : আন্দোলন তোলার ডাক এমডি-র

**কোচবিহার, ১১ সেপ্টেম্বর ঃ** উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার ঠিকা কনডাক্টরদের রিলে অনশনের ষষ্ঠদিনেও সমস্যা সমাধানের ইঙ্গিত মিলল না। উপরন্তু সংস্থার এমডি সি মুরুগান এদিন সাফ জানিয়ে দিয়েছেন, আন্দোলন করে কোনো লাভ হবে না। আন্দোলন তুলে আবেদন করলে আইন মেনে দাবি নিয়ে ভাবা যেতে পারে। তবু আন্দোলনকারীরা আশায় আছেন, ১৩ তারিখে সংস্থার চেয়ারম্যান তথা উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী গৌতম দেব কোচবিহারে এলে তাদের সঙ্গে কথা বলে সমস্যার জট কাটাবেন। তা না হলে ১৪ তারিখ থেকে তারা আমরণ অনশন শুরু করতে বাধ্য হবেন বলে জানিয়েছেন কন্ট্রাক্টচুয়াল কনডাক্টর ঐক্যের নেতা সুমিত পান্ডে।

এদিকে, আইএনটিইউসি-র কোচবিহার জেলা সভাপতি রবীন রায় জানান, ১৪ সেপ্টেম্বর তারা এনবিএসটিসি-র নানা সমস্যার কথা তুলে ধরে ম্যানেজিং ডিরেক্টরের কাছে স্মারকলিপি দিতে যাবেন। শহরে মিছিলও বের করবেন তারা। সমস্যা জর্জরিত এনবিএসটিসি-র উন্নয়নের প্রয়োজনের দিকে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের জন্যই এই কর্মসূচি। চুক্তিভিত্তিক কনডাক্টরদের চুক্তির নবীকরণজনিত সমস্যা ও তাদের আন্দোলনের শান্তিপূর্ণ সমাধানের ব্যাপারে কর্তৃপক্ষের হস্তক্ষেপও দাবি করা হবে বলে জানান তিনি।

এনবিএসটিসি-র চেয়ারম্যান গৌতম দেব বৃহস্পতিবার কোচবিহার আসবেন বা ধর্মঘটিদের সঙ্গে কথা বলবেন এমন খবর এদিন সন্ধ্যা পর্যন্ত নেই সংস্থার ম্যানেজিং ডিরেক্টর সি মুরুগানের কাছে। তবে এ মাসেই তিনি আসতে পারেন বলে জানান এমডি। তিনি বলেন, ক্ষোভ বা অভিযোগ থাকতেই পারে কিন্তু আন্দোলন করে লাভ হবে না। ওরা আন্দোলন বন্ধ করে কর্তৃপক্ষের কাছে আবেদন জানালে আইন অনুসারে ব্যবস্থা নেওয়া যেতে পারে। এমনকি, পরবর্তী বোর্ড মিটিংয়ে ওদের আবেদন আলোচনার জন্য পেশ করা যেতে পারে। তবে যাই করা হোক না কেন, সবই আইন মেনে করা হবে বলে জানান এমডি। **-সংবাদ নিউজ সার্ভিস**

# গর্ভপাতে তরুণীর মৃত্যু হাতুড়ে ধৃত

**ইসলামপুর, ১১ সেপ্টেম্বর ঃ** হাতুড়ে ডাক্তারের কাছে গর্ভপাত করানোর পর এক তরুণীর মৃত্যুতে এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতার নাম লিলি খাতুন (১৯)। তার বাড়ি ইসলামপুর থানা এলাকার আগডিমটাখন্তি গ্রাম পঞ্চায়েতের কদমগাছি গ্রামে। এ ঘটনায় হাতুড়ে ডাক্তার আব্দুল রাজ্জাককে গ্রেফতার করেছে পুলিশ। মৃতার প্রেমিক পলাতক।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, সোমবার অন্তঃসত্ত্বা লিলির প্রেমিক ফরিদ আহমেদ তাকে রামগঞ্জের হাতুড়ে চিকিৎসক আব্দুল রাজ্জাকের কাছে নিয়ে যায় গর্ভপাত করানো জন্য। গর্ভপাতের পর রোগীর অবস্থার অবনতি হলে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়ার সময় পথেই সে মারা যায়।

মৃতার আত্মীয়রা এ বিষয়ে ইসলামপুর থানায় অভিযোগ দায়ের করলে পুলিশ হাতুড়ে ডাক্তারকে গ্রেফতার করে। মহকুমা পুলিশ আধিকারিক সুবিমল পাল জানান, অভিযোগের ভিত্তিতে একজন হাতুড়ে ডাক্তারকে গ্রেফতার করা হয়েছে এবং প্রেমিক পলাতক। **-সংবাদ নিউজ সার্ভিস**

# চুরি, ছিনতাই বাড়ায় উদ্‌বিগ্ন জেলা বামফ্রন্ট

**শিলিগুড়ি, ১১ সেপ্টেম্বর ঃ** শিলিগুড়ি ও সংলগ্ন এলাকায় চুরি ছিনতাইয়ের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্‌বিগ্ন দার্জিলিং জেলা বামফ্রন্ট। মঙ্গলবার জেলা বামফ্রন্টের এক প্রতিনিধিদল এই অভিযোগ নিয়ে দেখা করেন পুলিশ কমিশনার আনন্দ কুমারের সঙ্গে। পুলিশ কমিশনারকে তারা জানান, চুরি, ছিনতাই, খুনের মতো ঘটনা ঘটলেও পুলিশ সেভাবে কোনও ব্যবস্থা নিচ্ছে না। উদাহরণস্বরূপ বাম প্রতিনিধিদলটি ৫নং ওয়ার্ডে এক নির্মাণকর্মী ও ৭৫ বছরের এক বৃদ্ধাকে পিটিয়ে মারার ঘটনা তুলে ধরেন। একইভাবে মাটিগাড়ার নাবালিকা গায়িকা দীপা শর্মার অস্বাভাবিক মৃত্যুর বিষয়টিও তুলে ধরা হয়। বামেদের দাবি, এই ঘটনারও উপযুক্ত তদন্ত হওয়া প্রয়োজন।

পাশাপাশি, বিনা নোটিশে ৫ সেপ্টেম্বর পুলিশি উপস্থিতিতে মাঝরাতে মহাবীরস্থানে হকার উচ্ছেদের ঘটনাকে বেআইনি ও অমানবিক আখ্যা দিয়েছে বামফ্রন্ট। শুধু তাই নয়, বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষাক্ষেত্রে বামমনস্কদের মিথ্যা মামলায় জড়ানো হচ্ছে বলে অভিযোগ বামেদের। এদিন দুপুরে জীবেশ সরকার, উজ্জ্বল চৌধুরি, তাপস গোস্বামী ও অনিরুদ্ধ বোসের নেতৃত্বে বামফ্রন্টের এক প্রতিনিধিদল দেখা করেন পুলিশ কমিশনার আনন্দ কুমারের সঙ্গে। প্রায় ২০ মিনিটের এই আলোচনা শেষে প্রতিনিধিদলের পক্ষে জীবেশ সরকার বলেন, আইনশৃঙ্খলার যেভাবে অবনতি ঘটেছে তাতে আতঙ্কিত সাধারণ মানুষ। চুরি, ছিনতাই, মহিলাদের উপর আক্রমণ ঘটছে প্রায় প্রতিদিন। এতে শিলিগুড়ি শহরের সুনাম ও ঐতিহ্য নষ্ট হচ্ছে। পুলিশের উচিত রাজনৈতিক পক্ষপাতিত্ব বন্ধ করে আরও সক্রিয় ভূমিকা গ্রহণ করা।

তবে, শহরে যে কোনও অসামাজিক কার্যকলাপ রুখতে সবরকমভাবে চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন পুলিশ কমিশনার আনন্দ কুমার। তিনি বলেন, 'প্রতিটি এলাকায় টহলদারি বাড়ানো হয়েছে। তবে নাগরিকদের থেকে আরও সহযোগিতা আমরা আশা করছি।'

CONTACT FOR SALES & SERVICES OF ELECTRONIC WEIGHT MACHINE
Battery & Inverter
SARAF INSTRUMENT
H.C. Road, Near Yadav Samity Building, Venus More, Siliguri. Ph : 0353 - 2526220
(M) 97490 97843

# কয়লা কেলেঙ্কারি : বুদ্ধ সরকারের সুপারিশ তদন্ত করবে সিবিআই



**কলকাতা, ১১ সেপ্টেম্বর ঃ** কয়লা কেলেঙ্কারিতে এবার কালিমালিপ্ত হল ৩৪ বছরের বামফ্রন্ট সরকার। ২০০৫ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত বুদ্ধদেব ভট্টাচার্যের সরকার যে ৯টি কয়লা ব্লক কয়েকটি বেসরকারি সংস্থাকে বণ্টন করে দেওয়ার সুপারিশ করেছিল, সেগুলির বিরুদ্ধে তদন্ত শুরু করেছে সিবিআই। যে সংস্থাগুলিকে কয়লা ব্লক বণ্টন করা হয়েছিল সেগুলি হল, ভূষণ স্টিল, রেশমি সিমেন্ট, রামস্বরূপ, আধুনিক এবং জয়বালাজি। গত মাসের শেষ সপ্তাহে বুদ্ধদেব ভট্টাচার্যের সরকার যে সুপারিশগুলি করেছিল, সে সম্বন্ধে জানতে চেয়ে বর্তমান সরকারকে চিঠি দেয় সিবিআই। সূত্রের মতে, যে কয়লা ব্লকগুলি বণ্টন করা হয়েছিল সেগুলি ওয়েস্ট বেঙ্গল মিনারেল ট্রেডিং অ্যান্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে করা হয়নি। বরং বামফ্রন্ট সরকারের সুপারিশের ভিত্তিতে কেন্দ্র ওই সংস্থাগুলিকে কয়লা ব্লকগুলি বণ্টন করেছিল।

সূত্রের মতে, যে কয়লা ব্লকগুলি ওই সংস্থাগুলিকে বণ্টন করা হয়েছিল সেখান থেকে কতটা কয়লা তোলা হয়েছিল এবং তা কতটা ব্যবহার করা হয়েছিল সেসম্পর্কে পূর্ণাঙ্গ তথ্য চেয়েছে সিবিআই। পাশাপাশি তদানীন্তন সরকারের সঙ্গে ওই সংস্থাগুলির যে মউ স্বাক্ষরিত হয়েছিল তার একটি কপি চেয়েছে সিবিআই। ৯টি প্রকল্পে বিস্তারিত প্রোজেক্ট রিপোর্টও খতিয়ে দেখবে সিবিআই। সিবিআই-কে যে রিপোর্ট পাঠানো হবে বর্তমান সরকার আপাতত তা প্রস্তুত করছে। সিবিআই-এর তরফে যে সমস্ত তথ্য চাওয়া হয়েছে তার বেশিরভাগটাই নতুন সরকার সংগ্রহ করে ফেলেছে।

# সঙ্গিনী দখলের লড়াইয়ে হত গন্ডার

**মাদারিহাট, ১১ সেপ্টেম্বর ঃ** সঙ্গিনী দখলের লড়াইকে কেন্দ্র করে একটি পূর্ণবয়স্ক পুরুষ গন্ডারের মৃত্যু হল। মঙ্গলবার সকালে দৈনন্দিন টহলদারির সময় জলদাপাড়া উত্তর রেঞ্জের ৪নং কম্পার্টমেন্টের ৫০ ফুট বিট এলাকায় গন্ডারটির মৃতদেহ পড়ে থাকতে দেখেন বনকর্মীরা। বন্যপ্রাণ বিভাগ-৩-এর বিভাগীয় আধিকারিক রাজেন্দ্র জাখর জানান, মৃত গন্ডারটির বয়স ২০ বছর। খুব সম্ভবত ৩-৪ দিন আগেই গন্ডারটির মৃত্যু ঘটে। কারণ মৃতদেহটির পচন ধরে গিয়েছিল। তিনি বলেন, সঙ্গিনী দখলকে কেন্দ্র করে প্রায়শই এক বা একাধিক পুরুষ গন্ডারের মধ্যে এরকম সংঘর্ষ ঘটে থাকে।

# রক পাইথন উদ্ধার

**ধূপগুড়ি, ১১ সেপ্টেম্বর ঃ** গয়েরকাটা চা বাগানের অন্তর্গত ৪ নম্বর মণিপুরি সেকশন থেকে একটি ইন্ডিয়ান রক পাইথন উদ্ধার করা হয়। পাইথনটি লম্বায় প্রায় সাড়ে চোদ্দো ফুট। মঙ্গলবার গয়েরকাটা চা বাগানের কর্মীরা সাপটি দেখে স্থানীয় প্রকৃতিপ্রেমী সংস্থা আরণ্যককে খবর পাঠান। আরণ্যকের তরফে কৌশিক বাড়ুই ও সৌগত মল্লিক জানান, সাপটিকে এদিন মোরাঘাট রেঞ্জের আধিকারিক সুজিত দাসের উপস্থিতিতে মধুবনি জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।

Accelarate............
Your Career growth
ADMISSION OPEN
PGDM Post Graduate Diploma in Management
Of All india Management Association(AIMA)
Approved by AICTE, Ministry of HRD,Govt. Of india
MBA,BBA
MCA,BCA
MA/BA Journalism
Bachelor / Master In Library Sc.
BA, Bcom, MA, Mcom, BSc./MSc.IT
Approved by UGC-AICTE-DEC
*Free Laptop
*Classes also on Weekends
*Affordable Fees ,
*Experience Faculty
*100% placement
SIM
Empowering Education
An ISO 9001:2008 Training Institute
SILIGURI • Patel Road,Beside Hotel Heritage,Pradhan Nagar. • Baghajatin Park, Siliguri.
HELPLINE : 98000 10003/4/5

সুন্দর এবং আকর্ষণীয় শরীর নারীকে দেয় মোহময়ী রূপ, অবিকশিত স্তনের ক্ষেত্রে প্রয়োগ করুন
Breastriim oil
এছাড়াও যাদের বয়স অনুপাতে স্তনের আকার ছোট অথবা দৃষ্টিকটুভাবে বড় হয়ে ঝুলে গিয়েছে তাদের ক্ষেত্রের এই অয়েল নিয়মিত ব্যবহারে প্রত্যাশিত আকার ও আকৃতি ফিরে আসে।
মহিলাদের স্ফূর্তির জন্য বুস্টার ক্যাপসুল ব্যবহার করুন
Authorised Distributor :
Calcutta Homoeo Distributors
NABAGRAM, SILIGURI
Ph. 9635465717, 9832668350,9874534052
AB. impression

যৌন দুর্বলতা
শীঘ্রপতন
সহবাসে অক্ষমতা
পাইলস্ • ফিসচুলা
বন্ধ্যাত্ব • চর্মরোগ
দেশ হারবাল
যৌনরোগে গ্যারান্টিসহ চিকিৎসার একমাত্র প্রতিষ্ঠান
স্বল্প খরচে, অল্পসময়ে, অত্যাধুনিক উপায়ে অভিজ্ঞ ডাক্তার দ্বারা চিকিৎসা।
ডি.এইচ. জেনিটাল অত্যাধুনিক মালিশ- যাহা ব্যবহারে পুরুষ লিঙ্গের দোষ-ত্রুটি, গোপন সমস্যা, লিঙ্গ দুর্বলতা, অক্ষমতা দূর করে লিঙ্গকে মোটা, শক্ত ও শক্তিশালী করে আরো সবল ও সুদৃঢ় করবে। হারানো যৌবনকে ফিরে পেয়ে সুখময় হবে বিবাহিত জীবন। সব বয়সে ব্যবহার যোগ্য। পার্শ্বপ্রতিক্রিয়া নেই। একমাত্র দেশ হার্বালেই অভিজ্ঞ ডাক্তারের পরামর্শে এই তৈল দেওয়া হয়।
এছাড়াও গ্যাস্টিক, ব্রন, বাত, শ্বাসকষ্ট, হাঁপানী, পায়েরিয়া, রক্তচাপ ও মহিলাদের স্রাব জনিত সমস্যায় পূর্ণ আরোগ্যের নিশ্চয়তা
১০টা-রাত ৯টা, রবিবারসহ প্রত্যহ খোলা
শিলিগুড়ি সেবক রোড, ওয়ালফোর্ড মোড়, পায়েল সিনেমা হলের নিকট, ফোনঃ 8670587386, 2544-300/548
মালদহ মনোস্কামনা রোড, সুমঙ্গল লজের বিপরীতে ফোন ঃ 9163537725, (0351) 2267766

# ইসলামপুরে সংঘর্ষের পর গ্রেফতার সাত

**ইসলামপুর, ১১ সেপ্টেম্বর ঃ** পুলিশ সোমবার রাতে ইসলামপুর থানা এলাকার কমলাগাঁ-সুজালি গ্রাম পঞ্চায়েতে অভিযান চালিয়ে একটি পাইপগান, একটি কার্তুজ সহ দুটি বোমা উদ্ধার করেছে এবং সাত দুষ্কৃতীকে গ্রেফতার করেছে। ধৃতরা সবাই সিপিএম সমর্থক।

উল্লেখ্য, সোমবার একটি চুরির ঘটনাকে কেন্দ্র করে কমলাগাঁ-সুজালি গ্রাম পঞ্চায়েতের জিয়াখুড়ি, দাউদগছ, বাহাদিগছ, হলুগছ সহ আটটি গ্রামে ব্যাপক লুটপাট, বোমাবাজি ও গুলি চলে। এই ঘটনায় সইদুর রহমান নামে এক তৃণমূল সমর্থক গুলিবিদ্ধ হয়ে মারা যান এবং মহঃ উসমান নামে এক ব্যক্তি বোমার আঘাতে জখম হন।

মঙ্গলবার রামগঞ্জ বাজারে তৃণমূল কংগ্রেস সইদুরের মরদেহ নিয়ে একটি মিছিল করে। তার মরদেহ জিয়াখুড়ি গ্রামে নিয়ে যাওয়া হয়।

মহকুমা পুলিশ আধিকারিক সুবিমল পাল জানান, সাতজনকে গ্রেফতার করা হয়েছে। একটি কার্তুজ সহ পাইপগান ও দুটি বোমা উদ্ধার করা হয়। বাকি অভিযুক্তদের খোঁজা হচ্ছে।

ইসলামপুরের বিধায়ক তথা রাজ্যের জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার বিষয়কমন্ত্রী আব্দুল করিম চৌধুরি জানান, তিনি এলাকা পরিদর্শন করেছেন। দলীয় কর্মীদের সান্ত্বনা দেওয়ার পাশাপাশি তাদের সংযত থাকতে বলা হয়েছে। পুলিশকে এলাকার অস্ত্র উদ্ধারের নির্দেশ দেওয়া হয়েছে। **-সংবাদ নিউজ সার্ভিস**

# স্মারকলিপি

**মেটেলি, ১১ সেপ্টেম্বর ঃ** মঙ্গলবার ১৫ দফা দাবির ভিত্তিতে মেটেলির বিডিও-কে স্মারকলিপি প্রদান করা হয় ডিওয়াইএফআই-এর মেটেলি জোনাল কমিটির পক্ষ থেকে। এদিন ডিওয়াইএফআই কর্মীদের একটি মিছিলও হয়। এরপর বিডিওকে স্মারকলিপি প্রদান করা হয়।

# ঘেরাও পঞ্চায়েত প্রধান

**ধূপগুড়ি, ১১ সেপ্টেম্বর ঃ** সিপিএম-বিজেপি জোটের গ্রাম প্রধানকে সোমবার দিনভর তার অফিসঘরে আটকে রেখে বিক্ষোভ দেখাল তৃণমূল কর্মীরা। ধূপগুড়ির অন্তর্গত ঝাড়আলতা-২ গ্রাম পঞ্চায়েতের ঘটনা। রাত ৮টা নাগাদ ধূপগুড়ির জয়েন্ট বিডিও-র হস্তক্ষেপে ঘেরাও তুলে নেন বিক্ষোভকারীরা।

স্থানীয় তৃণমূল নেতা রবীন্দ্রনাথ রায় অভিযোগ করেন, টেন্ডার বিলি থেকে শুরু করে ইন্দিরা আবাস যোজনার অধীনে ঘর বিলি, প্রতিটি ক্ষেত্রে দুর্নীতি হয়েছে। তারই প্রতিবাদে বিক্ষোভ দেখান তারা। স্থানীয় গ্রাম প্রধান মজিনচন্দ্র রায় এ ব্যাপারে কোনো মন্তব্য করতে চাননি। তবে ধূপগুড়ির জয়েন্ট বিডিও বিজয় মোক্তান অভিযোগ খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন।

অক্টোবর ২০১২-এর জন্য উপসী রেলওয়ে স্টোরস সামগ্রীর নিলাম কর্মসূচি

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের 'নির্মাণ বিভাগ' সহ সকল ডিভিশন এবং ওয়ার্কশপগুলির স্ক্র্যাপ সামগ্রী বিক্রির উদ্দেশ্যে অক্টোবর ২০১২ মাসের নিলাম কর্মসূচি নিম্নরূপে স্থির করা হল ঃ-

| ক্র./নং | তারিখ | স্থান | ক্যাটালগ |
|---|---|---|---|
| ১. | ০৯.১০.১২ | বেলিয়াঘাটা স্টোরস ডিপো, কলকাতা | পাণ্ডু, নিউ বঙ্গাইগাঁও, ডিব্রুগড় টাউন, নিউ জলপাইগুড়ি এবং কাটিহার (সামগ্রীর প্রাপ্যতা সাপেক্ষে) |
| ২. | ১৯.১০.১২ | পাণ্ডু ডিপো | - ঐ - |

নিলাম কর্মসূচি সকাল ৯.৩০ টায় শুরু হবে। সামগ্রীর প্রাপ্যতা সম্পর্কে জানতে অনুগ্রহপূর্বক ওয়েবসাইটে ডিপো ক্যাটালগ দেখুন।

দ্রষ্টব্য ঃ (ক) উপসী রেলওয়েতে ই-অকশন শীঘ্রই শুরু হবে।
(খ) সকল সম্ভাব্য দরদাতা/স্ক্র্যাপ সামগ্রী ক্রেতাদের আবশ্যক তথ্যাদি, রেজিস্ট্রেশন, অন্যান্য রেলওয়ে দ্বারা পরিচালিত ই-অকশনে রেজিস্টার্ড টেন্ডারদাতাদের মাধ্যমে ট্রেনিং এবং অংশগ্রহণ সম্পর্কে ওয়াকিবহাল হতে আইআরইপিএস ওয়েবসাইট (www.ireps.gov.in) দেখার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

আপনার জীবন অমূল্য; থামুন, তাকিয়ে দেখুন এবং তারপর রেললাইন পারাপার করুন

কন্ট্রোলার অফ স্টোরস
উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়"

MARUTI SUZUKI Way of Life!
BOOK BEFORE 20th SEPTEMBER
BUY BEFORE 30th SEPTEMBER
Thank You Teachers
CELEBRATING HIGHEST EVER OFFERS
11th to 20th September, 2012
Super Savings ₹70,000** ₹60,000 (Existing Offer) + ₹10,000 (Additional Offer)
Super Savings ₹25,000** ₹20,500 (Existing Offer) + ₹4,500 (Additional Offer)
Super Savings ₹48,000** ₹46,000 (Existing Offer) + ₹2,000 (Additional Offer)
WAGON R · Omni · ALTO K10
SPECIAL OFFERS FOR TEACHERS ALSO AVAILABLE

| MODEL | M800 | Alto F8 | Ritz (P) | Estilo | A-Star | Swift (P) | Eeco | SX4 (P) |
|---|---|---|---|---|---|---|---|---|
| Mega Savings Upto (₹)* | 63,000 | 46,000 | 60,000 | 65,000 | 50,000 | 15,000 | 10,000 | 63,000 |

For enquiries please write to KajalKanti.Bhaumik@maruti.co.in
Siliguri: Beekay Auto Pvt. Ltd.: 9932049351, 2580183, 2580028. Sevoke Motors: 2545309/10/11, 9800031118.